বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০৩	০৩	-	-	০২	০১	-	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ৩টি।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ কাজে সময়ক্ষেপণ; (৩) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৪) প্রকল্প গ্রহণের সময় সুদৃঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩১.	প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে ।	৩১.	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পূর্বেই টিওএন্ডই ভুক্ত করার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.২	বৈজ্ঞানিক মূল্যবান এই যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে বস্তুবিজ্ঞান বিভাগএর -পরমণু শক্তি কেন্দ্র ঢাকা , অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে বিশেষ বরাদ্দ ব্যবস্থা করে অগ্নিনির্বাপক ব্যবস্থার কাজ করতে হবে।	৩.২	পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে বৈজ্ঞানিক মূল্যবান যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থার সংস্থান ডিপিপিতে অর্ন্তভূক্ত করতে হবে।
৩.৩	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৮ জানুয়ারি/২০০৬ তারিখের পরিপত্র অনুযায়ী সমাপ্ত প্রকল্পের ক্রয়কৃত জীপ গাড়ীটি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করতে হবে। পরিবহন পুলে এখনও জমা দান না করার কারন কি তা আইএমইডিকে অবহিত করতে হবে।	৩.৩	পরবর্তী প্রকল্পের সমাপ্তির সাথে সাথে গাড়ীসমূহ কেন্দ্রীয় পরিবহণ পুলে আবশ্যিক ভাবে জমাদানের ব্যবস্থা নিতে হবে।
৩.৪	অনেক সময় দেখা যায় বিভিন্ন প্রতিষ্ঠানে সংগৃহীত ইকুইপমেন্ট অলস পড়ে থেকে নষ্ট হয়ে যায়। এ প্রকল্পের মাধ্যমে অনেক মূল্যবান ও অত্যাধুনিক ইক্যুইপমেন্ট/যন্ত্রাংশ/কিট সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত ইকুইপমেন্টসমূহের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন।	৩.৪	অনেক সময় দেখা যায় বিভিন্ন প্রতিষ্ঠানে সংগৃহীত ইকুইপমেন্ট অলস পড়ে থেকে নষ্ট হয়ে যায়। এ প্রকল্পের মাধ্যমে অনেক মূল্যবান ও অত্যাধুনিক ইক্যুইপমেন্ট/যন্ত্রাংশ/কিট সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত ইকুইপমেন্টসমূহের কার্যকর ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের খাদ্য ও বিকিরণ জীববিজ্ঞান সুবিধাদির আধুনিকীকরণ (১ম সংশোধিত)

শীর্ষক প্রকল্পের **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০২০)

প্রকল্পের নামঃ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের খাদ্য ও বিকিরণ জীববিজ্ঞান সুবিধাদির আধুনিকীকরণ (১ম সংশোধিত)।

১। প্রকল্পের অবস্থান : সাভার, ঢাকা এবং কক্সবাজার সদর

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন,২০১৬ পর্যন্ত)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৪৭৬৭.০০	৪৯৮৪.০০	৪৪১১.৩৭	এপ্রিল, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৮	এপ্রিল, ২০১৬ হতে জুন, ২০২০	এপ্রিল, ২০১৬ হতে জুন, ২০২০	-	৫৪.৫৪ %

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০২০ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব:						
০১	Manpower			১৩.০০		৯.৬৪
০২	Supplies and Services			২৪৫.০০		১৩৮.৫৩
০৩	Training			২৩৭.০০		১৮১.০৯
০৪	Chemicals			৩০০.০০		২৯৯.৯০
০৫	Repair & Maintenance			১৫.০০		১১.৯৭
	উপমোট (রাজস্ব)			**৮১০.০০**		**৬৪১.১৩**
(খ) মূলধন:						
০৬	Imported Equip.		২৭ টি	২৩৫০.০০	২৭ টি	২২৩৮.০৩
০৭	Local Equip.		২০০ টি	৬১৫.১৮	২০০ টি	৫৯৩.০৭
০৮	Furniture		১৭১ টি	৯৩.৯৫	১৭১ টি	৯১.৫৩
০৯	Vehicle		০১ টি	৪৯.৮৫	০১ টি	৪৯.৮৫
১০	Construction Works			৭৩৫.০২		৭১১.৩৮
১১	CDVAT			৩০০.০০		৮৬.৩৮
	উপমোট (মূলধন)			**৪১৪৪.০০**		**৩৭৭০.২৪**
	(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি			২০.০০		-

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০২০ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ঘ) পাইস কনটিনজেন্সি			১০.০০		-
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			**৪৯৮৪.০০**		**৪৪১১.৩৭**

তথ্য সূত্রঃ পিসিআর ।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয় ।

৭। পটভূমিঃ

খাদ্য উৎপাদন বৃদ্ধিতে বাংলাদেশ সম্প্রতি যথেষ্ট অগ্রগতি অর্জন করায় দেশের সামগ্রিক খাদ্য সুরক্ষা পরিস্থিতি উন্নত হয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব (বন্যা, ঘূর্ণিঝড়, খরা) ছাড়াও ফসল কাটা পরবর্তী বিভিন্ন পর্যায়ে (হ্যান্ডেলিং, পরিবহন ও সংরক্ষণ) উৎপাদিত খাদ্য পন্যের পরিমাণগত ও গুণগত ক্ষতি বাংলাদেশের সার্বিক খাদ্য নিরাপত্তাহীনতার একটি বড় কারণ। উৎপাদিত খাদ্য পণ্য যথাযথ সংরক্ষণ করা গেলে দেশের খাদ্য ঘাটতি সম্পূর্নভাবে মেটানো সম্ভব। বিজ্ঞান ভিত্তিক বিভিন্ন পদ্ধতির পাশাপাশি পারমাণবিক প্রযুক্তির যথা উপযুক্ত প্রয়োগ উৎপাদিত ফসলের পরিমাণ ও গুণগত ক্ষতি হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। জীবনের জন্য খাদ্য প্রয়োজন কিন্তু অনিরাপদ খাদ্য জনস্বাস্থ্যের জন্য একটি মারাত্মক হুমকি। অনিরাপদ খাদ্য গ্রহণের ফলে প্রতি বছর দেশে লক্ষ লক্ষ নাগরিক বিভিন্ন ধরণের পেটের পীড়া এবং দীর্ঘ মেয়াদী অসুস্থতায় ভূগে থাকে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের ইনস্টিটিউট অফ ফুড অ্যান্ড রেডিয়েশন বায়োলজি (আইএফআরবি)–তে ১৯৭৮ সাল থেকে পারমাণু প্রযুক্তি ব্যবহার করে খাদ্য সংরক্ষণ ও জীবানুমুক্তকরণের বিভিন্ন বিষয়ের উপর গবেষণা ও সেবা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে যেমন- বিভিন্ন প্রকার খাদ্যশস্য, সমলা এবং শুটকী মাছের ক্ষতিকারক পোকা দমন ও জীবাণুমুক্তকরণ, মেডিকেল ডিকন্টামিনেশন, সেলুলোজের জৈব রূপান্তর, রেশম পোকা থেকে রেশম উৎপাদনের গুণমান এবং পরিমাণ বৃদ্ধি, তাজা ফল এবং শাক সবজির ফাইটো-সেনিটেশন সংক্রান্ত গবেষণাসহ পরমাণু প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আন্তর্জাতিকভাবে স্বীকৃত পরিবেশ বান্ধব পোকা বন্ধ্যাকরণ পদ্ধতিতে (SIT) কক্সবাজারের সোনাদিয়া এলাকায় শুকটি মাছের ক্ষতিকারক পোকা দমনের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ ছাড়াও আইএফআরবির বিভাগসমূহের বিজ্ঞানীগণ তাঁদের তত্ত্বাবধনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উচ্চতর একাডেমিক ডিগ্রি অর্জনের জন্য প্রয়োজনীয় গবেষণা সম্পাদনে সহায়তা করে থাকে। আইএফআর-বির বিদ্যমান গবেষণা সুবিধাদির মানউন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি ও আন্তর্জাতিক মানে উন্নতীকরণের উদ্দেশ্যে ২০১৪-১৫ অর্থবছর-এর এডিপিতে অন্তর্ভুক্ত করার জন্য "**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের খাদ্য ও বিকিরণ জীববিজ্ঞান সুবিধাদির আধুনিকীকরণ**" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে দাখিল করা হয়। প্রকল্প যাচাই কমিটির ১৯/০১/২০১৫ তারিখের সভার সিদ্ধান্ত অনুসারে ৪৭৬৭.০০ লক্ষ টাকার একটি সংশোধিত ডিপিপি প্রস্তুত করে অনুমোদনের জন্য জমা দেয়া হয়। পরবর্তীতে প্রকল্পটি একনেক কর্তৃক ২৯/০৩/২০১৬ তারিখে অনুমোদন লাভ করে। প্রকল্পটি এপ্রিল, ২০১৬ তে শুরু হয়ে জুন ২০২০-এ সমাপ্ত হয়েছে এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির নির্ধারিত উদ্দেশ্যসমূহ অর্জিত হয়েছে।

৮। উদ্দেশ্যঃ

- আইএফ আর বি -তে DNA damage based biological dosimeter system উন্নয়নের জন্য Advanced Molecular Biology ল্যাব স্থাপন।
- কক্সবাজারের Sterile Insect Technique (SIT) ইউনিটে একটি Self Contained Dry Storage Pupal Irradiator স্থাপন।

- আইএফআরবি এর ল্যাবসমূহকে আন্তর্জাতিক মানসম্পন্ন করার জন্য এর সংস্কার সাধন।

- ল্যাবের কার্যক্রম সচল রাখার জন্য বিশেষ ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।

৯। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্প অনুমোদনঃ ২৯-০৩-২০১৬খ্রিঃ
সর্বশেষ সংশোধনঃ- ১১-১০-২০১৮খ্রিঃ
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিঃ- ১০-১০-২০১৯খ্রিঃ

১০। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	পণ্য	কার্য	সেবা	মোট
ডিপিপি অনুসারে প্যাকেজ	৭৩ টি	০৩ টি	-	৭৬ টি

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৫-১৬	-			-	-			-
২০১৬-১৭	৭৯৫.০০			৭৯৫.০০	৭৯৪.৮৪			০.১৬
২০১৭-১৮	১৫১০.০০			১৫১০.০০	১৪৮৯.৫০			২০.৫০
২০১৮-১৯	১৭০০.০০			১৭০০.০০	১৬৩৯.৬৩			৬০.৩৭
২০১৯-২০	৭২৭.০০			৭২৭.০০	৪৮৭.৪০			২৩৯.৬০
মোট	**৪৭৩২.০০**			**৪৭৩২.০০**	**৪৪১১.৩৭**			**৩২০.৬৩**

১২। উপকারভোগীদের মতামতঃ

প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় Institute of Food and Radiation Biology (IFRB) -তে বিদ্যমান ০৮টি বিভাগ সহ নবনির্মিত Molecular Radiobiology and Biodosimetry বিভাগের গবেষণা ও সেবা কার্যক্রমের মান ও পরিধি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
ড. আ.ই.খা. মোঃ মাসুদ রানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা।	-	অতিরিক্ত দায়িত্ব	২০/০৬/২০১৬	২৩/০১/২০১৭
ড. প্রতুল কুমার রায়, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা।	-	অতিরিক্ত দায়িত্ব	২৪/০১/২০১৭	-

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
আইএফআরবি-তে DNA damage based biological dosimeter system উন্নয়নের জন্য Advanced Molecular	প্রকল্পের মাধ্যমে আইএফআরবি-তে নবনির্মিত চতুর্থ তলায় DNA damage based biological dosimeter system উন্নয়নের জন্য Advanced

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
Biology ল্যাব স্থাপন।	Molecular Biology ল্যাব স্থাপন করা হয়েছে এবং উক্ত ল্যাবে Biological Dosimetry সংক্রান্ত গবেষণা কার্যক্রম চলছে।
কক্সবাজারের Sterile Insect Technique (SIT) ইউনিটে একটি Self Contained Dry Storage Pupal Irradiator স্থাপন।	কক্সবাজারের Sterile Insect Technique (SIT) ইউনিটে একটি Self Contained Dry Storage Pupal Irradiator স্থাপন করা হয়েছে। Irradiator টির মাধ্যমে শুটকী মাছের ক্ষতিকারক পোকা বন্ধ্যাকরণ কার্যক্রম চলমান রয়েছে।
আইএফআরবি এর ল্যাবসমূহকে আন্তর্জাতিক মানসম্পন্ন করার জন্য এর সংস্কার সাধন।	আইএফআরবি এর ল্যাবসমূহকে আন্তর্জাতিক মানসম্পন্ন করার জন্য এর সংস্কার করা হয়েছে এবং কমন স্পেস সংস্কারের মাধ্যমে মান উন্নয়ন করা হয়েছে।
ল্যাবের কার্যক্রম সচল রাখার জন্য বিশেষ ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।	আইএফআরবি-তে অবস্থিত ভিন্ন ভিন্ন ল্যাবসমূহের কার্যক্রম চালু রাখা এবং মান উন্নয়নের জন্য বিষয় ভিত্তিক বিজ্ঞানীবৃন্দের বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

১৬। অডিট :

অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিট:

অর্থ বছর	অনুচ্ছেদ সংখ্যা	মীমাংসিত অনুচ্ছেদ সংখ্যা	অমীমাংসিত অনুচ্ছেদ সংখ্যা	মন্তব্য
২০১৬-১৭	০৪ (চার) টি	০৪ (চার) টি	-	
২০১৭-১৮	০৫ (পাঁচ) টি	০৫ (পাঁচ) টি	-	
২০১৮-১৯	০৫ (পাঁচ) টি	-	০৫ (পাঁচ) টি	ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন।
২০১৯-২০	-	-	-	অডিট পোগ্রাম এখনও পাওয়া

অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিট:

সময়	প্রধান প্রধান ফাইন্ডিংস	আপত্তি থাকলে তার সমাধান হয়েছে কি/না?
২০১৬-১৭	উম্মুক্ত দরপত্রের মাধ্যমে Hot plate magnetic stirrer ও Ice maker ক্রয় বাবদ ৬,১৫,০০০/- টাকা অনিয়মিত ব্যয়।	নিষ্পত্তি হয়েছে
	আয়কর কর্তন ব্যতিরেকে ১৫,৪২৫/- টাকার বিল পরিশোধ	নিষ্পত্তি হয়েছে
	SRFQ এর মাধ্যমে কম্পিউটার ও ট্যাবলেট পিসি ক্রয় করে অনিয়মিত ব্যয় ৪,২৩,০০০/-টাকা।	নিষ্পত্তি হয়েছে
	ভ্যাট কর্তন ব্যতিরেকে ১৬,৫৬০/- টাকার বিল পরিশোধ।	নিষ্পত্তি হয়েছে
২০১৭-১৮	অর্থবছর শেষে অব্যয়িত ২০,৪৯,৮৫২/- টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি	নিষ্পত্তি হয়েছে

সময়	প্রধান প্রধান ফাইন্ডিংস	আপত্তি থাকলে তার সমাধান হয়েছে কি/না?
	কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি এর মাধ্যমে বিভিন্ন প্রকার মালামাল সরবরাহ বাবদ ২৯,৪৭,৫০০/- টাকা অনিয়মিত ব্যয়।	নিষ্পত্তি হয়েছে
	পিএসসি/পিআইসি সভার সদস্যগণের সম্মানী হতে উৎসে কর কর্তন না করায় ২৪,০০০/- টাকা সরকারি রাজস্ব ক্ষতি	নিষ্পত্তি হয়েছে
	দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করে অনিয়মিত ভাবে ১,৪৪,৮০০/- টাকা ব্যয়	নিষ্পত্তি হয়েছে
	সিডিউল বিক্রির ৮২,৫০০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।	নিষ্পত্তি হয়েছে
২০১৮-১৯	বরাদ্দকৃত অর্থের অব্যয়িত ৬০,৩৭,৬২৬/- টাকা সমর্পণের প্রমান পাওয়া যায়নি	মন্ত্রণালয়ের মাধ্যমে ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন।
	পিপিআর ২০০৮ এর বিধি লংঘন করে সীমিত দরপত্রের মাধ্যমে অনিয়মিতভাবে ৪৭,৩১,৯০০/- টাকা ব্যয়	মন্ত্রণালয়ের মাধ্যমে ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন।
	ষ্টিয়ারিং কমিটি/পিআইসি সভার সম্মানী বাবদ ৩,৭২,০০০/- টাকা অনিয়মিতভাবে পরিশোধ	মন্ত্রণালয়ের মাধ্যমে ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন।
	আয়কর কম কর্তন/কর্তন না করে ঠিকাদার/সরবরাহকারীর বিল পরিশোধ করায় সরকারের ১৬,২৩৩/- টাকা রাজস্ব ক্ষতি	মন্ত্রণালয়ের মাধ্যমে ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন।
	বিভিন্ন প্রকার মালামাল ক্রয়ের ক্ষেত্রে ২৯,৯৬,৪০০/- টাকা অনিয়মিতভাবে ব্যয়	মন্ত্রণালয়ের মাধ্যমে ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন।

১৭। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রযোজ্য নয়।

১৮। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):**

প্রকল্প কর্তৃপক্ষের বক্তব্য: পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের সবচেয়ে পুরাতন বিল্ডিং IFRB, যা ১৯৭৮ সালে নির্মিত। অত্র ইনস্টিটিউটে মোট ০৯টি ভিন্নধর্মী বিভাগ/গবেষণাগার রয়েছে। উক্ত গবেষণাগার সমূহের গবেষণা ও সেবা কার্যক্রম চলমান রেখে উক্ত সংস্কার কাজ সম্পন্ন করতে হয়ছে। উল্লেখ্য যে, চলমান গবেষণাগারের অভ্যন্তরীণ সংস্কার কাজ সমূহ অফিস ছুটির দিনে এবং অফিস সময়ের আগে-পরে করা সম্ভব হয় না। এই পরিস্থিতিতে গবেষণাগারের ব্যবহারকারী, ঠিকাদারী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট প্রকৌশলীদের সাথে আলোচনান্তে ০৯টি বিভাগ/গবেষণাগারের সংস্কার কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অতিরিক্ত প্রয়োজন হওয়ার প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ জুন, ২০২০ পর্যন্ত বর্ধিত করা প্রয়োজন ছিল।

১৯। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (**If any**): প্রযোজ্য নয়।

২০। **চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ:** প্রযোজ্য নয়।

২১. সার্বিক পর্যবেক্ষণঃ

২১.১ নিম্নস্বাক্ষর কর্তৃক পি সি এর মূল্যায়ন এর নিমিত্তে গত ১১/০৩/২১ তারিখ সাভারে অবস্থিত মূল কার্যালয়ের অংশ, ১৮/০২/২১ তারিখ কক্সবাজার অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব ড. প্রতুল কুমার রায়, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

২১.২ মূল DPP এর তুলনায় আরডিপিপিতে ব্যয় বৃদ্ধি - ২১৭ লক্ষ টাকা (৪.৫৫%) ,তবে প্রকৃত ব্যয় বৃদ্ধি পায়নি। সময় বৃদ্ধি - ১৮ মাস (৮৫.৭১%)। সার্বিক বিবেচনায় প্রকল্প বাস্তবায়ন শেষে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২১.৩ মূল ডিপিপি হতে আরডিপিপির তুলনা:
মূল ডিপিপি হতে Foreign Equipment ক্রয়ে Quantity and Price/ Exchange Rate বৃদ্ধি পেয়ে - ২২৭৬.০০ লক্ষ থেকে ২৩৫০.০০ লক্ষ টাকা।
Local Equipment ক্রয়ে Quantity ও Price/Dollar মূল্য বৃদ্ধি পেয়ে -৫৫১.১৮ লক্ষ থেকে ৬১৫.১৮ লক্ষ টাকা
IFRB মূল ভবন Renovation এর ক্ষেত্রে Scope বৃদ্ধির কারণে ৫৪০.০০ লক্ষ থেকে ৭৩৫.০২ লক্ষ বৃদ্ধি পেয়েছে।
Furniture এ আইটেম সংখ্যা বৃদ্ধি পেয়েছে তবে মূল্য বৃদ্ধি হয়নি ।
Training এর ক্ষেত্রে ট্রেনিং সংখ্যা ২৫ থেকে ৩৪ এ উন্নীত হয়েছে। তবে ব্যয় বৃদ্ধি পায়নি বরং কমেছে - ৩৭২.০০ লাখ থেকে কমে ২৩৭.০০ লাখ টাকা হয়েছে। কর্তৃপক্ষ জানান Placement fees - waiver পাওয়ার কারণে তা সম্ভব হয়েছে।
এছাড়া RDPPতে - Manpower ব্যয় ২৪.০০ লক্ষ থেকে কমে ১১ লাখ টাকা হয়েছে।

২১.৪ RDPP তে রাজস্ব অঙ্গে ৩৪০.০০ লাখ থেকে ৫৬০.০০ লাখ টাকায় উন্নীত হয়েছে। মূলত বৈজ্ঞানিক পরীক্ষা নিরীক্ষার নিমিত্তে কিছু প্রয়োজনীয় কেমিক্যাল ও কনজুমএবলস সাপ্লাই ও সার্ভিস নেয়া হয়েছে।

২১.৫ আরডিপিপিতে সর্বমোট ৪৭৬৭.০০ লাখ থেকে বৃদ্ধি পেয়ে ৪৯৮৪.০০ লাখ হয়েছে। সর্বমোট বৃদ্ধি পেয়েছে - ২১৭ লক্ষ টাকা । সকল ব্যয় GOV খাত থেকে নির্বাহ করা হয়েছে। তবে ক্রয় প্রক্রিয়া শেষে বর্ধিত টাকা প্রয়োজন হয়নি। বেশ কিছু টাকা সাশ্রয় হয়েছে যা রিফান্ড করা হয়েছে, প্রকৃত ব্যয় বৃদ্ধি হয়নি। Revised ADP অনুযায়ী (Allocation – Actual expenditure) ৩২০.৬৩ লাখ টাকা Refund করা হয়েছে। (সূত্র : পিসিআর)

২১.৬ ডিপিপি অনুসারে - পণ্যে ৭৮ টি, ভেহিকল ১ টি প্যাকেজ, ওয়ার্কস ৩টি প্যাকেজ। তবে আরডিপিপিতে - জিডি ২১, ২২, ৩৭, ৪১, ৬২ প্যাকেজে শূণ্য আইটেম ও শূণ্য বরাদ্দ রাখা হয়েছে। ফলে আরডিপিপি অনুসারে পণ্য প্যাকেজ ৭৩ টি, ভেহিকল ১ টি, ওয়ার্কস ৩ টি প্যাকেজ মিলে সর্বমোট প্যাকেজ সংখ্যা ৭৭ টি (পরিশিষ্ট ১)

২১.৭ প্রকল্পের প্রধান ভৌত কাজ:

সাভার অবশিষ্ট IFRB এর বিদ্যমান ভবনে ১১৯০ ব.মি এর চর্তুথ তলা নির্মাণ

গবেষনার জন্য স্থানীয় ও বিদেশী যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন

DNA damage based Biological dosimeter System স্থাপন

কক্সবাজারে Self – Contained storage mobile irradiator স্থাপন

প্রয়োজনীয় সংখ্যক বৈজ্ঞানিক স্টাফকে বিভিন্ন বিষয়ে ট্রেনিং প্রদান।

২১.৮ কক্সবাজারে Self contained Dry Storage irradiator স্থাপন:

কক্সবাজারে কলতলীতে অবস্থিত পরমাণু শক্তি কমিশনের Sterile Insect Technique (SIT) তে শুটকী মাছ উৎপাদনে শুটকী পল্লী সমূহে খাদ্য মান রক্ষা ও মাছি দ্বারা ছড়ানো জীবানু মুক্ত শুটকী মাছ উৎপাদনের সহায়তার জন্য একটি Self Contained Dry Storage pupal irradiator স্থাপন সম্পন্ন করেছে এবং পরিদর্শন সময়ে তা

অপারেশনাল অবস্থায় দেখা যায়- এই irradiator এর সাহায্যে লক্ষ লক্ষ মাছি culture করে বন্ধ্যা করে জীবানুমুক্ত অবস্থায় উৎপাদন করা হচ্ছে। এ মশা গুলো শুটকী পল্লীতে যেখানে শুটকী উৎপাদন হয় – সেখানে ছেড়ে দেয়া হয়। কালচার করা বন্ধ্যা মশা গুলোর সংস্পর্শে এলে স্থানীয় মশা গুলো ও বন্ধ্যা হয়ে যায় এবং লার্ভা উৎপাদনের ক্ষমতা হারিয়ে ফেলে। ফলে জীবানু ছড়াতে পারেনা । ইতিমধ্যে এর কার্যক্রম শুরু হয়েছে।

এই Irradiator স্থাপনের ফলে উপকূলীয়/দ্বীপ এলাকায় R&D তৎপরতা বৃদ্ধি পেয়েছে। শুটকী ব্যবসায়ীরা মানসম্মত শুটকী উৎপাদনে সহায়তা পাচ্ছে। তবে এখনো সকল শুটকীপল্লী/শুটকী ব্যবসায়ি এ সুবিধার আওতায় আসেনি।

২১.৯ IFRB ভবনে ৪র্থ তলায় ১১৯০ বর্গ.মি. ভার্টিক্যাল সম্প্রসারণ কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া ও ভবনের বেশ কিছু অংশ ও সম্মুখভাগ Renovation করা হয়েছে দেখা যায়। ড্রয়িং ডিজাইন অনুযায়ী সঠিক আছে।

২১.১০ বেশ কিছু যন্ত্রপাতি RDPP'র মূল্য থেকে কম দামে ক্রয় করা সম্ভব হয়েছে দেখা যায়। যেমন: Self Contained Mobile Irradiator এর মূল্য RDPP তে ছিল ৮ কোটি টাকা কিন্তু এটা ক্রয় বাবদ ব্যয় হয়েছে ৭ কোটি ৩০ লক্ষ টাকা । LC-MS/MS System with accessories এর RDPP মূল্য ৪ কোটি ৯৫ লক্ষ কিন্তু ক্রয়ে ব্যয় হয়েছে ৪ কোটি ৯০ লক্ষ । Real Time PCR এর RDPP মূল্য ৪০ লক্ষ টাকা কিন্তু ক্রয় মূল্য বাবদ ব্যয় হয়েছে - ৩৩ লক্ষ ৩৭ হাজার টাকা। এভাবে বেশ কিছু যন্ত্রপাতি ক্রয় RDPP মূল্য থেকে সাশ্রয় হয়েছে দেখা যায়। এক্ষেত্রে প্রকল্প পরিচালক পণ্য ক্রয় কার্যক্রমে value for money নিশ্চিত করতে বেশ সক্রিয় ছিল প্রতীয়মান হয়।

২১.১১ Chemical & consumables খাতে ১৮১ টি আইটেম ক্রয় করা হয়েছে।

২১.১২ Local Equipment খাতে ৭৩ টি আইটেম, Foreign equipment খাতে ২০ টি আইটেম অর্ন্তভূক্ত ছিল। DPP'র সংস্থান মতে Local ও foreign Equipment ক্রয়ের তালিকা পাওয়া গেল। Random ভিত্তিতে যাচাই করে মালামাল স্থাপিত ও সংরক্ষিত অবস্থায় পাওয়া যায়। Specification অনুযায়ী মালামালের ব্রান্ড / Model/ County Of origin মিলামিল পাওয়া গেল এবং কিছু ইক্যুইপমেন্ট টেস্ট করে কার্যকর অবস্থায় পাওয়া যায়।

২১.১৩ IFRB ভবনে সংযুক্ত Lift টি স্থাপিত ও কার্যকর অবস্থান পাওয়া যায়।

২১.১৪ মালামাল সমূহ Main Lab Room- 1 , 2 এ রাখা হয়েছে। তবে এর বাইরে ও Room নং 421 , 321, seminar room, MIT Room, CHARM Room, Washing room, ইত্যাদিতে রাখা হয়েছে। এছাড়া ও কিছু ইকুইপমেন্ট বিভিন্ন কর্মকর্তাদের রুমে (ডেস্কটপ ট্যাব, ল্যাপটপ, প্রিন্টার. ডিজিটাল ক্যামেরা ইত্যাদি) কর্মকর্তাদের অফিসিয়ালি প্রদান করা হয়েছে।

২১.১৫ কর্মকর্তাদের সাথে মতবিনিময়ে জানা যায়, আলোচ্য যন্ত্রপাতি/ইকুইপম্যান্ট প্রাপ্তিতে ল্যাবটি অত্যন্ত সমৃদ্ধ হয়েছে। বরাদ্দকৃত ব্যয় এর তুলনায় এত পরিমাণ মালামাল ক্রয় ও সদব্যবহারে প্রায় সকলেই সন্তুষ্ট প্রকাশ করেছেন। ল্যাবটি অত্যন্ত সমৃদ্ধ ও অঙ্গভিত্তিক মান উন্নীত হয়েছে মর্মে তারা মত প্রকাশ করেন। তবে facility'র বাইরে Lab এর এই উন্নয়ন সর্ম্পক খুব বেশী জানেনা মর্মে প্রতীয়মান হলো। আধুনিক Equipment সংযুক্ত করায় (DNA) পরীক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে টেস্টে মাইলফলক উন্নতি হবে।

আইএফআরবি এর ল্যাবসমূহকে আন্তর্জাতিক মানসম্পন্ন করার জন্য এর সংস্কার সাধনঃ

পরিদর্শনকালে প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মতবিনিময়ে উক্ত বিষয়ে নিম্নলিখিত মতামত পাওয়া যায়;

Veterinary Drug Residue Analysis Division (VDRAD):

প্রকল্পের আওতায় সংগৃহিত LC MS/MS যন্ত্রের মাধ্যমে প্রানীজ খাদ্যে এন্টিবায়োটিক ও ন্যাচারাল টক্সিন এর গুনগত ও পরিমানগত মান নির্ণয়ে আন্তর্জাতিক সক্ষমতা অর্জিত হয়েছে। অত্র বিভাগ ইতোমধ্যে আন্তর্জাতিক সংস্থা কর্তৃক আয়োজিত Proficiency Test (PT) এ অংশগ্রহন করে বিশ্বের ১০২ টি ল্যাবের মধ্যে ২য় স্থান অর্জন করেছে। এ ধরণের ফলাফল আন্তর্জাতিক মানের প্রমাণক।

Radiation Entomology and Acarology Division (READ):

REA বিভাগের কক্সবাজারস্থ Sterile Insect Technique (SIT) Unit-এ বর্ণিত প্রকল্পের আওতায় সংগৃহিত Self contined Mobile Irradiator যন্ত্রটি স্থাপনের ফলে IAEA এর গাইডলাইন অনুযায়ী অধিকতর কার্যকরী বন্ধ্যা মাছি উৎপাদিত হচ্ছে। উৎপাদিত বন্ধ্যা মাছি শুটকী প্রক্রিয়াকরণ এলাকায় অবমুক্ত করে শুটকি মাছের ক্ষতিকারক পোকা দমন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

Moleculer Radiobiology and Biodosimetry Division (MRBD):

বর্ণিত প্রকল্পের আওতায় MRB বিভাগে Automaed Cytogenetic Image Analysis System যন্ত্রটি স্থাপিত হয়েছে। যন্ত্রটি ব্যবহার করে Internal Radiation Dose নির্ণয় করা হয়। এই পদ্ধতিটি IAEA স্বীকৃত "Gold Standard for Cytogenetic Biodosimetry" হিসেবে পরিচিত। তাছাড়া সর্বাধুনিক DNA Sequencing যন্ত্র যা NGS : Next Generation Sequencer নামে সমধিক পরিচিত যন্ত্রটিও অত্র বিভাগে ব্যাবহার হচ্ছে, যা আন্তর্জাতিক সক্ষমতার পরিচায়ক।

এছাড়াও আইএফআরবি-এর অন্যান্য বিভাগসমূহের ভৌত অবকাঠামো উন্নয়ন, যন্ত্রপাতি সরবরাহ এবং সংশ্লিষ্ট বিজ্ঞানীদের বিষয়ভিত্তিক আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিভাগসমূহের গবেষণা ও সেবা কার্যক্রমের মান আন্তর্জাতিক মানে উন্নীত হয়েছে। সর্বপরি আইএফআরবি এর বিভিন্ন বিভাগ থেকে আন্তর্জাতিক জার্নালসমূহে প্রকাশিত সাম্প্রতিক গবেষণা প্রবন্ধসমূহ আইএফআরবি-তে পরিচালিত গবেষণা কার্যক্রম আন্তর্জাতিক মান সম্পন্ন মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তারা মত ব্যক্ত করেন।

২১.১৬ ১ টি ডাবল কেবিন পিকআপ ক্রয় করা হয়েছিল। এই গাড়ীটি BAEC Transport pool এ ১-৭ -২০২০ তারিখে হস্তান্তর করা হয়েছে দেখা যায় । এটা TO & E তে অন্তর্ভূক্ত নয় তবে আবেদন প্রক্রিয়াধীন বলে জানান।

২১.১৭ ট্রেনিং অঙ্গে দেখা যায় প্রশিক্ষণ খাতে ১০ টি ফিল্ডে ৩১ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে- Local Training নেই।

২১. ১৮ প্রকল্প সমাপ্ত হলেও ২০১৯-২০ এর অডিট এখনও সম্পন্ন হয়নি ।

২২। প্রকল্প পরিদর্শনের কিছু আলোকচিত্র :

প্রকল্পের আওতায় নির্মিত আইএফআরবি ভবনের চতুর্থ তলার চিত্রসমূহ:





IFRB তে স্থাপিত Advanced Molecular Biology Laboratory এর

নবনির্মিত ৪র্থ তলায় VDRA বিভাগের ল্যাবরেটরীর চিত্র













প্রকল্পের আওতায় আইএফআরবি মূল ভবনের সংস্কার কাজের বিভিন্ন চিত্রঃ



আইএফআরবি এর মূলভবনের বর্হিদৃশ্য



আইএফআরবি এর মূলভবনের নীচতলার করিডোরের চিত্র

Self contined mobile Irradiator: যন্ত্রটি কক্সবাজারস্থ SIT (Sterile Insect Technique) Unit এ স্থাপন করা হয়েছে। যন্ত্রটির মাধ্যমে শুটকী মাছের ক্ষতিকারক পোকা (মাছি) বন্ধ্যাকরণে ব্যবহার করা হয়। বন্ধ্যাকৃত পোকা শুটকীমাছ শুকানো এলাকায় অবমুক্ত করলে বন্ধ্যা পোকা সেখানকার বন্য পোকার সাথে মিলনের ফলে নতুন প্রজন্ম সৃষ্টি হয় না। এ প্রক্রিয়া অব্যাহত রাখলে ধীরে ধীরে মাঠ পর্যায়ে ক্ষতিকারক পোকার উপস্থিতি বিলুপ্ত হবে। এতে করে শুটকী মাছ উৎপাদনে ক্ষতিকারক কীটনাশকের ব্যবহার বন্ধ হবে এবং স্বাস্থ্যসম্মত মানসম্পন্ন শুটকী উৎপান সম্ভব হবে। এ ধরণের কার্যক্রম দেশে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণসহ দেশের আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।



চিত্র: Self-Contained Mobile Irradiator


LC MS/MS System: প্রকল্পের আওতায় একটি State-of-the art QTRAP LC MS/MS যন্ত্র সংগ্রহ করা হয়েছে। যন্ত্রটি IFRB এর Veterinari Drug Residue Analysis Division (VDRAD) এ স্থাপিত হয়েছে। যন্ত্রটি প্রাণিজাত খাদ্যে ক্ষতিকারক Antibiotic, Hormone এবং Natural Toxin এর উপস্থিতি এবং পরিমান নির্ণয় কাজে ব্যবহার করা হয়। যন্ত্রটি ব্যবহারের মাধ্যমে দেশে প্রাণিজাত খাদ্যের নমুনা বিশ্লেষণ ও বিভিন্ন stakeholder-দের সেবা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। সেবা প্রদানের মাধ্যমে রাজস্ব অর্জিত হচ্ছে।



চিত্র: QTRAP LC-MS/MS System

Automated Cytogenetic Image Analysis System:

Internal Radiotion Dose নির্ণয় কাজে যন্ত্রটি ব্যবহার করা হয়। অপরিকল্পিত অথবা দূর্ঘটনাজনিত কারণে সহনীয় মাত্রার অধিক Ionizing Radiation Exposure হলে মানবদেহের স্বাভাবিক ক্রোমোজম ভেঙ্গে ডাইসেন্ট্রিক ক্রোমোজম তৈরী হয় । এ যন্ত্রের সাহায্যে আক্রান্ত ব্যাক্তির রক্তে প্রবাহিত লিম্ফোসাইট কোষের মেটাফেজ স্টেজের ডাইসেন্ট্রিক ক্রোমোজম গনণা করে পতিত ডোজের পরিমাণ নির্ণয় করা যায় । এই পদ্ধতিটি “Gold Standard for Cytogenetic Biodosimetry” হিসেবে স্বীকৃত। এ ধরণের গবেষণা সক্ষমতা দেশের পারমাণবিক নিরাপত্তা সংক্রান্ত Emergency Prepredness and Response কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।



চিত্র : Automated Cytogenetic Image Analysis System

Automated DNA Sequencer System: এটি একটি সর্বাধুনিক DNA Sequencing যন্ত্র যা NGS : Next Generation Sequencer নামে সমধিক পরিচিত । যন্ত্রটির সাহায্যে সকল জীবের Whole Genome Sequencing করা যায়। নতুন সংক্রমনক্ষম অথবা Drug Resistance এবং Radio-Resistance Virus ও Bacteria সনাক্তকরণ কাজেও যন্ত্রটি ব্যবহার করা হয়।



চিত্র: Automated DNA Sequencer System

২৩। সুপারিশ/মতামত :

২৩.১ প্রকল্প বাস্তবায়নে আঠারো মাস (৮৫.৭১%) টাইম ওভাররান হয়েছে। তবে প্রকৃত ব্যয় বৃদ্ধি পায়নি। সরেজমিন পরিদর্শন ও প্রকল্প ডকুমেন্ট পর্যালোচনায় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২৩.২ প্রকল্পের মাধ্যমে কক্সবাজারে স্থাপিত Irradiator এর মাধ্যমে শুটকী উৎপাদনে খাদ্যমান বৃদ্ধি ও জীবানু নিয়ন্ত্রণ এর ক্ষেত্রে অগ্রগতি সাধিত হয়েছে। তবে বিষয়টি কক্সবাজারের সংশ্লিষ্ট অনেক ব্যবসায়ি এখনো সঠিকভাবে জানেনা এবং স্থানীয়ভাবে তেমন প্রচার হয়নি দেখা যায় । অন্যদিকে সাভারে স্থাপিত উন্নয়কৃত অত্যাধুনিক ল্যবটির উচ্চমানের সেবা ও টেষ্ট কার্যক্রমের বিষয়টিও তেমন প্রচার হয়নি। এখানে আন্তর্জাতিক মানের ডিএনএ টেস্টের সুযোগ সৃষ্টি হয়েছে জানা যায়। এক্ষেত্রে কক্সবাজারে ব্যবসায়ীদের মাঝে এবং সাভারের অত্যাধুনিক ল্যাব এর বিষয়টি সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের নিকট পর্যাপ্ত তথ্য সরবরাহ/ প্রচার করা বাঞ্চনীয়;

২৩.৩ প্রকল্প শেষ হলেও ২০১৯-২০ অর্থ বছরের অডিট এখনো হয়নি। এ অর্থবছরের অডিট সম্পন্ন করে ফলাফল/ প্রমাণকসহ আইএমই বিভাগ ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

২৩.৪ অনেক সময় দেখা যায় বিভিন্ন প্রতিষ্ঠানে সংগৃহীত ইকুইপমেন্ট অলস পড়ে থেকে নষ্ট হয়ে যায়। এ প্রকল্পের মাধ্যমে অনেক মূল্যবান ও অত্যাধুনিক ইক্যুইপমেন্ট/যন্ত্রাংশ/কিট সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত ইকুইপমেন্টসমূহের কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে।

২৩.৫ ইক্যুইপমেন্টসমূহের ব্যবহার/ অপারেশনবিধি জানার জন্য স্বল্প সংখ্যক কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণ দেয়া হয়েছে। কিন্তু এ বিষয়ে স্থানীয়ভাবে কোনো প্রশিক্ষণের ব্যবস্থা এখনো সংস্থা কর্তৃক নেয়া হয়নি। সংস্থার নিজস্ব তহবিল/ব্যবস্থায় আরো প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে ইক্যুইপমেন্টসমূহ ব্যবহার ও ফলাফল প্রাপ্তির অপারেশনাল কার্য রপ্ত করার নিমিত্তে Local Training এর ব্যবস্থা করে ল্যাব এর কার্যকরী ব্যবহার ও ইক্যুইপমেন্টসমূহের মেনটেইনেন্স নিশ্চিত করতে হবে যাতে কারো বদলী/ছুটি/অবসর জনিত কারণে Vacuum সৃষ্টি না হয়।

২৩.৬ প্রধান ইক্যুইপমেন্টসমূহের Acceptance Certificate (প্রযোজ্য ক্ষেত্রে) ও রিফান্ডকৃত টাকার ট্রেজারি চালানের কপি আইএমইডির নিকট প্রদর্শন করতে হবে।

২৩.৭ উপর্যুক্ত সুপারিশ/মতামতের আলোকে প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ- কে অবহিত করতে হবে।

চামড়া গবেষণা ইনস্টিটিউট শক্তিশালীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

প্রকল্পের মৌলিক তথ্য

১. **প্রকল্পের নাম:** চামড়া গবেষণা ইনস্টিটিউট শক্তিশালীকরণ (১ম সংশোধিত)।

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

২.১ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)।

৩. প্রকল্পের ধরণ: বিনিয়োগ প্রকল্প।

৪. অর্থায়নের উৎস: জিওবি।

৪.১ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য		
মূল	২৩৯৯.০৭	২৩৯৯.০৭	-	-	২৫ জুলাই ২০১৬	জুন ২০১৬ হতে জুন ২০১৯
সংশোধিত (১ম)	২৭৪৮.৭০	২৭৪৮.৭০	-	-	২৫ সেপ্টেম্বর ২০১৮	জুন ২০১৬ হতে জুন ২০২০

৬. **প্রকল্প এলাকা**

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	সাভার

৭. **প্রকল্পের উদ্দেশ্য** :

- গবেষণা ও উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে চামড়া গবেষণা ইনস্টিটিউটের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।
- লেদার, লেদার কেমিক্যালস্, লেদার প্রোডাক্টস্, ফুটওয়্যার ও সংশ্লিষ্ট পণ্যের গুণগত মান পরীক্ষণের জন্য বিদ্যমান ল্যাবরেটরিকে অ্যাক্রিডিটেড ল্যাবরেটরিতে রূপান্তরকরণ।
- প্রশিক্ষণের মাধ্যমে বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধিকরণ এবং লেদার ও লেদার সংশ্লিষ্ট শিল্পে কর্মরত জনবলকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ।

৮. **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ :**

- ছয় তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৪ তলা ল্যাবরেটরি ভবন নির্মাণ করা।
- ৫০০ KVA সাবস্টেশন স্থাপন করা।
- ১৫০x৩৫০ এমএম ডায়ামিটার বিশিষ্ট ডিপ টিউবওয়েল স্থাপন করা।
- ১০০ KVA জেনারেটর স্থাপন করা।
- ০৮ টি কম্পিউটার, ০২ টি স্ক্যানার এবং ০১ টি ফটোকপিয়ার ক্রয় করা ।
- আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ২৬ টি ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয় করা।
- জাতীয় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ৯০ টি ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয় করা ।
- জাতীয় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ১৬৮ ফার্নিচার যন্ত্রপাতি ক্রয় করা ।
- ল্যাবরেটরি অ্যাক্রিডিটেশনের জন্য ০৩ বিজ্ঞানী “Method Validation & Traceability” বিষয়ে বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি) এ প্রশিক্ষণ গ্রহণ।
- ল্যাবরেটরি অ্যাক্রিডিটেশনের জন্য বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি) এ আবেদন করা ।
- লেদার ও লেদার সংশ্লিষ্ট শিল্পে কর্মরত জনবলকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ৫০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা।

৯. **অঙ্গভিত্তিক অগ্রগতি:**

(লক্ষ টাকা)

ক্র: নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
০১	০২	০৩	০৪		০৫	
(ক) রাজস্ব:						
			বাস্তব (পরিমান)	আর্থিক	বাস্তব (পরিমান)	আর্থিক
				জিওবি		জিওবি
০১	অফিসারদের বেতন	জন	০১	৯.১৮	০১	৯.১৮
০২	কর্মচারীদের বেতন	জন	০৩	১৯.৬৩	০১	১০.৯০
০৩	দায়িত্বভার ভাতা	জন	০৪	২.৭৫	০৩	২.৪০
০৪	সাধারণ সেবা ও সরবরাহ	আইটেম	২৬	২৯৪.৯৫	২৫	২৭০.৯৯
০৫	মেরামত ও সংরক্ষণ	আইটেম	০৭	১৬.৩০	০৫	১৬.২২
উপমোট (রাজস্ব)				৩৪২.৮১		৩০৯.৬৯
(খ) মূলধন:						
০৬	স্থায়ী সম্পদ সংগ্রহ	সংখ্যা	৩০৭	১৫২১.২৪	৩০৫	১৫২০.১৩
০৭	অনাবাসিক ভবন	বর্গমিটার	১৮৩০	৮১৮.৯২	১৮৩০	৮১৮.৬০
০৮	আমদানী শুল্ক	-	থোক	২০.০০	-	১৪.৬৪
০৯	বিবিধ মূলধন ব্যয়	-	থোক	১৯.৭৩	-	১৯.৩৮
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি				২.০০	-	-
(ঘ) প্রাইস কনটিনজেন্সি				২৪.০০	-	-
সর্বমোট (ক+খ+গ+ঘ)				২৭৪৮.৭০	-	২৬৮২.৪৪

১০. **অর্থ বছর ভিত্তিক ডিপিপি/ টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় :**

(লক্ষ টাকা)

অর্থ বছর	ডিপিপি/ টিপিপি সংস্থান	এডিপি/ আরএডিপি বরাদ্দ	অর্থছাড়	প্রকৃত ব্যয়
২০১৬-২০১৭	৩৫৩.১৭	এডিপি বরাদ্দ - ৩৬৮.০০ আরএডিপি বরাদ্দ- ৩৬০.০০	৩৬০.০০	৩৪৪.৭৪
২০১৭-২০১৮	৬৬২.০০	এডিপি বরাদ্দ - ৭২৭.০০ আরএডিপি বরাদ্দ - ৬৬২.০০	৬৬২.০০	৬৬০.২৮
২০১৮-২০১৯	১৩৮৪.০০	এডিপিবরাদ্দ - ১৩৮৪.০০ আরএডিপি বরাদ্দ- ১২৬৯.০০	১২৬৯.০০	১২২৮.০৫
২০১৯-২০২০	৩৪৯.৫৩	এডিপি বরাদ্দ- ৪৫৯.০০ আরএডিপি বরাদ্দ- ৪৭০.০০	৪৫০.৭০	৪৪৯.৩৮

১২. মূল ডিপিপি এবং প্রকৃত ব্যয়ের অংগভিত্তিক তুলনা:

(লক্ষ টাকায়)

অংগের নাম	মূল অনুমোদিত ডিপিপি		প্রকৃত ব্যয়		পার্থক্য	
	ব্যয়		ব্যয়		ব্যয়	
	পরিমাণ	জিওবি (বৈ:মুদ্রা)	পরিমাণ	জিওবি (বৈ:মুদ্রা)	পরিমাণ	জিওবি (বৈ:মুদ্রা)
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব						
অফিসারদের বেতন	০১	৯.১৮	০১	৯.১৮	-	-
কর্মচারীদের বেতন	০৩	১৯.৬৩	০১	১০.৯০	০২	৮.৭৩
দায়িত্ব ভাতা	০৪	২.৭৫	০৩	২.৪০	০১	০.৩৫
সাধারণ সেবা ও সরবরাহ	২৬	২৯৪.৯৫	২৫	২৭০.৯৯	০১	২৩.৯৬
মেরামত ও সংরক্ষণ	০৭	১৬.৩০	০৫	১৬.২২	০২	০.০৮
উপ-মোট (রাজস্ব)		৩৪২.৮১		৩০৯.৬৯		৩৩.১২
(খ) মূলধন						
স্থায়ী সম্পদ সংগ্রহ	৩০৭	১৫২১.২৪ (১১৮৮.৪৯)	৩০৫	১৫২০.১৩ (১১৮৮.৪৯)	০২	১.১১
অনাবাসিক	১৮৩০	৮১৮.৯২	১৮৩০	৮১৮.৬০	-	০.৩২
৩৮২১১০১	থোক	২০.০০	থোক	১৪.৬৪	-	৫.৩৬
৪৯১১১১১	থোক	১৯.৩৭	থোক		-	০.৩৫
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি	-	২.০০	-		-	২.০০
(ঘ) প্রাইস কনটিনজেন্সি	-	২৪.০০	-		-	২৪.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)		২৭৪৮.৭০		২৬৮২.৪৪		৬৬.২৬

১১. **ডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:** ৫০টি (পণ্য প্যাকেজ- ৩৭টি, কার্য প্যাকেজ -১১টি, সেবা প্যাকেজ-২টি)

১৩. **ভূমি অধিগ্রহণ, Reselttement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য** :প্রযোজ্য নয়।

১৪ **ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ সংক্রান্ত:**

প্যাকেজ/লট নং (নামসহ)	অতিরিক্ত কার্যাদেশ প্রদানের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অতিরিক্ত কার্যাদেশ প্রদানের যৌক্তিকতা
WD02 - 02 Storied Laboratory Building with 0 6 Storied foundation	০৩ মে ২০১৮	২৭ জুন ২০১৮	আধুনিক যন্ত্রপাতি স্থাপনের সুবিধার্থে ভবনটির প্লিন্থ এরিয়া ৫০০ বর্গফুট (৪৬.৪৬ বর্গমিটার) সম্প্রসারণ করার প্রয়োজন হয় । এমতাবস্থায় প্রয়োজনের নিরিখেই নির্মাণ ও পূর্ত খাতে সংশোধিত প্রাক্কলনের মাধ্যমে ল্যাবরেটরি ভবনের আয়তন বৃদ্ধি করা হয়েছে।
WD09 - Vertical extension work of 2nd & 3rd floor of newly constructed two storied	১৭ সেপ্টেম্বর ২০১৯	০৭ ফেব্রুয়ারি ২০২০	৩য় ও ৪র্থ তলার গবেষণাগারে ইউরোপ ও মার্কিন যুক্তরাষ্ট্র হতে আমদানিকৃত অত্যাধুনিক এবং মূল্যবান যন্ত্রপাতি স্থাপন করার জন্য তাপমাত্রা নিয়ন্ত্রণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। এয়ারকুলার স্থাপন না করা হলে মূল্যবান যন্ত্রপাতিগুলো নষ্ট হওয়ার সম্ভবনা ছিল। তাই প্রয়োজনের নিরিখেই নির্মাণ ও পূর্ত খাতে সংশোধিত প্রাক্কলনের

প্যাকেজ/লট নং (নামসহ)	অতিরিক্ত কার্যাদেশ প্রদানের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অতিরিক্ত কার্যাদেশ প্রদানের যৌক্তিকতা
Laboratory Building with six storied foundation including construction of necessary internal road, boundary wall and surface drain			মাধ্যমে এয়ারকুলার ক্রয় করা হয়েছে।

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

প্রকল্প পরিচালকের	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/ না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
ড. মোঃ তুষার উদ্দীন	চামড়া গবেষণা ইনস্টিটিউট সিনিয়র সায়েন্টিফিক অফিসার	১৪ আগস্ট ২০১৬ হতে ৩০জুন ২০২০	অতিরিক্ত	না	-

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৬. **পরিদর্শনকৃত এলাকা :** চামড়া গবেষণা ইনস্টিটিউট শক্তিশালীকরণ প্রকল্প , নয়ারহাট, সাভার।

১৭. **পরিদর্শনকারী কর্মকর্তার নাম :**

গত ২৯/০৮/২০২১ তারিখে জনাব এস, এম মহবুবুল হক, সিনিয়র সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সেক্টর-৭ কর্তৃক সাভারস্থ নয়ারহাটে অবস্থিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক ড. মোঃ তুষার উদ্দীন ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সকলের সাথে প্রকল্প বাস্তবায়ন ও বর্তমান অবস্থার বিষয়ে আলোচনা হয়।

১৮. পরিদর্শন পদ্ধতি : প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- কাজের তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ

১৯. পূর্ববর্তী পরিদর্শন তথ্য :

১। জনাব মোঃ রফিকুল আলম, পরিচালক, পরিদর্শনের তারিখ : ১২/১০/২০১৭

২। জনাব মোহাম্মদ এনামুল আহসান, উপ-পরিচালক, পরিদর্শনের তারিখ : ১৪/০৮/২০১৮

২০. সার্বিক মূল্যায়ন :

চামড়া ইনিস্টিটিউট শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পটি মোট প্রাক্কলিত ২৩৯৯.০৭ লক্ষ টাকা নির্ধারণপূর্বক জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত অনুমোদিত হয়। পরবর্তীতে এই প্রকল্প ১ম সংশোধিত হলে মোট প্রাক্কলিত ব্যয় ২৭৪৮.৭০ লক্ষ টাকা নির্ধারণপূর্বক জুলাই ২০১৬ হতে জুন ২০২০ পর্যন্ত অনুমোদন লাভ করে। মোট ব্যয় ও মেয়াদ অপরিবর্তিত রেখে ১ম আন্তঃখাত অংগ ব্যয় সমন্বয় করা হয়। প্রকল্পটির সম্পূর্ণ অংশই জিওবি অর্থায়নে গৃহীত হয়। প্রকল্পটির ১ম পর্যায়ে পণ্য প্যাকেজে ৮টি, কর্ম প্যাকেজে ৬টি এবং সেবা প্যাকেজে ৫টি নির্ধারণপূর্বক মোট ১৯টি প্যাকেজ ছিল। পরবর্তীতে ১ম সংশোধিত প্রকল্প দলিলে পণ্য কার্য ও সেবা প্যাকেজসমূহে পৃথক পৃথকভাবে প্রদর্শিত না করে ক্রয় হিসেবে একত্রে দেখানো হয়েছে। সে হিসেবে প্রকল্প দলিল অনুসারে দেখা যায় যে পণ্য প্যাকেজ ৩৫টি, কার্য প্যাকেজ ১৪টি ও সেবা প্যাকেজ ১টি হিসেবে মোট ৫০টি প্যাকেজ নির্ধারণ করা হয়েছে। পরবর্তীতে সর্বশেষ আন্তঃখাত অংগে সমন্বয়ের সময় প্যাকেজের আলাদা আলাদা বিন্যাসে না করে পণ্য/কার্য/ সেবা ক্রয় প্যাকেজ একত্রিত করে মোট ক্রয় পরিকল্পনা নির্ধারণ করা হয়। এতে দেখা যায় যে পন্য প্যাকেজ নির্ধারণ করা হয় ৩৭টি কার্য প্যাকেজ-১১টি ও সেবা প্যাকেজ-২টি। ক্রয় পরিকল্পনায় প্যাকেজের এই হিসেব মতে মোট ৫০টি প্যাকেজ দেখানো হয়। প্রকল্পের আওতায় ৫০০ KVA সাবস্টেশন, ১টি ডিপটিউবওয়েল, ১০০ KVA জেনারেটর স্থাপন করা হয়েছে। এই সম্পদের জন্য কোন সম্পদ বহি সংরক্ষণ করা হয়নি। এগুলোর সম্পদ বহি সংরক্ষণপূর্বক প্রশাসনিক দপ্তরের টিওএন্ডইভুক্ত করা প্রয়োজন। ডিপিপি অনুসারে মোট ক্রয় পরিকল্পনার মধ্যে ৩০টি RFQ পদ্ধতিতে ক্রয় করা হয়েছে বাকী ২০টি OTM পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। তথ্য পর্যালোচনায় দেখা গেল যে, স্টেশনারি স্টক, ক্যামিকেল স্টক, চামড়া ও চামড়াজাত পণ্যের স্টক অফিস সরঞ্জামাদির, Machineries & Equipments স্টক ও বইপত্র ও সাময়িকী রেজিস্টার সংরক্ষণ করা হয়। আলোচ্য প্রকল্পের আওতায় সৃংগৃহীত বৈজ্ঞানিক যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, নির্মান ও পূর্ত কাজ ইত্যাদির টিওএন্ডইভুক্ত করার নিমিত্ত গত ১৬ আগষ্ট ২০২১ তারিখে প্রকল্প পরিচালক কর্তৃক বিসিএসআইআর কর্তপক্ষকে পত্র দেয়া হয়। প্রকল্প সমাপ্ত দলিল পর্যালোচনায় দেখা যায় যে এ প্রকল্প সমাপ্ত হওয়ার আগ পর্যন্ত আইএমইডি কর্তৃক ৩ বার এবং প্রশাসনিক মন্ত্রণালয় হতে ৬ বার পরিদর্শন করা হয়। প্রকল্পের আওতায় কোন মটরযান ক্রয়ের সংস্থান ছিল না। হায়ারিং পদ্ধতিতে প্রকল্প চলাকালীন গাড়ী ব্যবহার করা হয়েছে। প্রকল্প দলিল পর্যালোচনায় দেখা যায় যে বিসিএসআইআর এর চেয়ারম্যান কর্তৃক একটি সংক্ষিপ্ত ফিজিবিলিটি স্ট্যাডি দাখিল করা হয়েছিল। ফিজিবিলিটি স্ট্যাডি সরকারি নীলিমালা অনুসারে করা হয়নি মর্মে প্রতিয়মাণ হয়। এই প্রকল্পের আওতায় ভবন নির্মানের ক্ষেত্রে সয়েল টেস্ট করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ৫০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কসাই প্রশিক্ষণ হাজিরা সীটে নাম, ঠিকানা ও মোবাইল নম্বর দেয়ার কথা থাকলেও ঠিকানা ও মোবাইল নম্বর রাখা হয়নি। তাছাড়া প্রশিক্ষণ শীটে কোন তারিখে প্রশিক্ষণ দেয়া হয়েছে তা উল্লেখ নেই।

২১. ক্রয় পর্যালোচনা:

ডিপিপির আওতায় ক্রয় পর্যালোচনার ক্ষেত্রে নথি পরীক্ষা করা হয়। দেখা যায় যে পূর্ত কাজ ও সংশ্লিষ্ট সেবা ক্রয় এর জন্য দরপত্র প্রস্তুত কমিটি গঠন করা হয়। কারিগরি বিনির্দেশ কমিটি , দরপত্র উন্মুক্ত কমিটি, দরপত্র মূল্যায়ন কমিটি, যন্ত্রপাতি গ্রহণ ও যাচাই কমিটি গঠন করা আছে। যন্ত্রপাতি গ্রহণ ও যাচাই কমিটি কর্তৃক ল্যাবরেটরি ইকুইপমেন্ট গ্রহণ করা হয়। অপরদিকে ৬ তলা ভিত্তি বিশিষ্ট ৪ তলা ল্যাবরেটরি ভবন কমিটি কর্তৃক বুঝে নেয়া হয়েছে। জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অপরদিকে চামড়া গবেষণা ইনস্টিটিউট শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ক্রয় বিজ্ঞপ্তি সিপিটিইউ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, এই প্রকল্পের আওতায় ক্রয়কার্য ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পাদন করা হয়েছে। ক্রয়ের ক্ষেত্রে ডিপিপিতে উল্লেখিত প্যাকেজ অনুসারে ক্রয়কার্য সম্পাদন করা হয়েছে। ডিপিপিতে উল্লেখিত প্যাকেজ ভেঙ্গে ক্রয় করা হয়নি মর্মে দেখা যায়। মূল ডিপিপি ও সংশোধিত ডিপিপি প্রকৃত তথ্য মতে অতিরিক্ত ৬৬.২৬ লক্ষ টাকা ব্যয় বেড়েছে। প্রকল্প দলিলে বর্ননা অনুসারে ৬ তলা ভিত্তি ধরে ২ তলা ভিত্তির এর স্থানে ৪ তলা করার সিদ্ধান্তের কারণে ব্যয় বৃদ্ধি পায়। তাছাড়া বর্ধিত মেয়াদে বেতনভাতা খাত, অতিরিক্ত মূল্য বাবদ প্রকল্প বাস্তবায়নে পণ্য ও সেবা ক্ষেত্রে প্রকৃত ব্যয় বৃদ্ধির পাওয়ায় এবং ভ্যাট খাতে পুনঃসংশোধনের প্রেক্ষিতে প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়। প্রকল্পের আওতায় কোন গাড়ী ক্রয় করা হয়নি। প্রকল্প পরিচালকের তথ্য মতে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র অনুসারে ২৬টি ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। অপরদিকে জাতীয় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ৯০টি ল্যাবরেটরি যন্ত্রপতি ক্রয় করা হয়েছে।

২২. **পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:** (লক্ষ টাকা)

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবংবাস্তবে দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ নং GD 01 প্রাক্কলিত মূল্য - ৩.০০	০৩.১০.২০১৬ ০৩.১০.২০১৬	১৬.১০.২০১৬ ২.৯৭	০৭.১১.২০১৬	০৭.১১.২০১৬	
প্যাকেজ নং GD 02 প্রাক্কলিত মূল্য - ২.৫০	০৯.১০.২০১৬ ০৯.১০.২০১৬	২০.১০.২০১৬ ২.৪৪	১০.১১.২০১৬	১০.১১.২০১৬	
প্যাকেজ নং GD 03 প্রাক্কলিত মূল্য - ১.১০	১৩.০৩.২০১৭ ১৩.০৩.২০১৭	৩০.০৩.২০১৭ ১.০৯	১৬.০৪.২০১৭	১৬.০৪.২০১৭	
প্যাকেজ নং GD 04 প্রাক্কলিত মূল্য - ২০০.০০	০৭.১১.২০১৬ ০৭.১১.২০১৬	০২.০১.২০১৭ ১৯৬.৪২	০২.০৫.২০১৭	০২.০৫.২০১৭	
প্যাকেজ নং GD 05 প্রাক্কলিত মূল্য - ২.৫৮	১৪.০৫.২০১৭ ১৪.০৫.২০১৭	০১.০৬.২০১৭ ২.৫৬	২২.০৬.২০১৭	২২.০৬.২০১৭	
প্যাকেজ নং GD 06 প্রাক্কলিত মূল্য - ৩.৭৫	০৪.১২.২০১৬ ০৪.১২.২০১৬	২০.১২.২০১৬ ৩.৭৩৫	১০.০১.২০১৭	১০.০১.২০১৭	
প্যাকেজ নং GD 07 প্রাক্কলিত মূল্য - ২.৩৫	১৮.১২.২০১৬ ১৮.১২.২০১৬	০৩.০১.২০১৭ ২.২৫	২৪.০১.২০১৭	২৪.০১.২০১৭	
প্যাকেজ নং GD 08 প্রাক্কলিত মূল্য - ২২.০০	১২.০১.২০১৭ ১২.০১.২০১৭	২৩.০২.২০১৭ ২১.১০	২৫.০৪.২০১৭	২৫.০৪.২০১৭	
প্যাকেজ নং GD 09 প্রাক্কলিত মূল্য - ১.৫০	০৫.১২.২০১৬ ০৫.১২.২০১৬	২২.১২.২০১৬ ১.৪৯	১২.০১.২০১৭	১২.০১.২০১৭	
প্যাকেজ নং GD 10 প্রাক্কলিত মূল্য - ২.০০	১৫.০৫.২০১৭ ১৫.০৫.২০১৭	০১.০৬.২০১৭ ১.৯৯	৩০.০৬.২০১৭	৩০.০৬.২০১৭	

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবংবাস্তবে দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ নং GD 11 প্রাক্কলিত মূল্য - ৭৭.০০	০৭.১১.২০১৭ ০৭.১১.২০১৭	১৮.০১.২০১৮ ৭৬.৬৩	২৩.০৫.২০১৮	২৩.০৫.২০১৮	
প্যাকেজ নং GD 12 প্রাক্কলিত মূল্য - ৩১.০০	২৯.০১.২০১৮ ২৯.০১.২০১৮	১৫.০৩.২০১৮ ২৯.৫৯	২২.০৫.২০১৮	২২.০৫.২০১৮	
প্যাকেজ নং GD 13 প্রাক্কলিত মূল্য - ৭৬.০০	০৭.১১.২০১৭ ০৭.১১.২০১৭	১৮.০১.২০১৮ ৭৫.৯৮	২৩.০৫.২০১৮	২৩.০৫.২০১৮	
প্যাকেজ নং GD 14 প্রাক্কলিত মূল্য - ৩.০০	০৯.০৪.২০১৭ ০৯.০৪.২০১৭	২৫.০৪.২০১৭ ২.৯৮	০২.০৫.২০১৭	১৬.০৫.২০১৭	
প্যাকেজ নং GD 15 প্রাক্কলিত মূল্য - ৪.৮০	০৭.০২.২০১৮ ০৭.০২.২০১৮	২০.০২.২০১৮ ৪.৭৮	২০.০৩.২০১৮	২০.০৩.২০১৮	
প্যাকেজ নং GD 16 প্রাক্কলিত মূল্য - ২.৮০	০৪.০৪.২০১৮ ০৪.০৪.২০১৮	১৭.০৪.২০১৮ ২.৭৯	১৭.০৫.২০১৮	১৭.০৫.২০১৮	
প্যাকেজ নং GD 17 প্রাক্কলিত মূল্য - ১.০০	২২.০৪.২০১৮ ২২.০৪.২০১৮	১৩.০৫.২০১৮ ০.৯৯	০৩.০৬.২০১৮	০৩.০৬.২০১৭	
প্যাকেজ নং GD 18 প্রাক্কলিত মূল্য - ২.৫০	১৫.০১.২০১৮ ১৫.০১.২০১৮	২৮.০১.২০১৮ ২.৪৮	২৮.০২.২০১৮	২৮.০২.২০১৮	
প্যাকেজ নং GD 19 প্রাক্কলিত মূল্য - ৪০.০০	০৫.০৬.২০১৮ ০৫.০৬.২০১৮	২৬.০৮.২০১৮ ৩৫.৮১	২৭.১২.২০১৮	২৭.১২.২০১৮	
প্যাকেজ নং GD 20 প্রাক্কলিত মূল্য - ১৭০.০০	২১.০৬.২০১৮ ২১.০৬.২০১৮	২৪.০৯.২০১৮ ১৫৭.৯৩	২৫.০৬.২০১৯	২৫.০৬.২০১৯	
প্যাকেজ নং GD 21	২৫.১০.২০১৮ ২৫.১০২০১৮	১৮.০২.২০১৯ ৯৪.৩৪	২০.০৬.২০১৯	২০.০৬.২০১৯	

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবংবাস্তবে দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্রাক্কলিত মূল্য - ৯৫.০০					
প্যাকেজ নং GD 22 প্রাক্কলিত মূল্য - ৫.০০	২৬.০২.২০১৯ ২৬.০২.২০১৯	১০.০৩.২০১৮ ৪.৯৯	১০.০৪.২০১৯	১০.০৪.২০১৯	
প্যাকেজ নং GD 23 প্রাক্কলিত মূল্য - ২০.৭০	২৩.০১.২০১৯ ২৩.০১.২০১৯	১১.০৪.২০১৯ ২০.৫০	১৫.০৬.২০১৯	১৫.০৬.২০১৯	
প্যাকেজ নং GD 24 প্রাক্কলিত মূল্য - ৪.৯০	০১.০৪.২০১৯ ০১.০৪.২০১৯	১৫.০৪.২০১৯ ৪.৮৮	১৫.০৫.২০১৯	১৫.০৫.২০১৯	
প্যাকেজ নং GD 25 প্রাক্কলিত মূল্য - ৩.০০	০৭.০৪.২০১৯ ০৭.০৪.২০১৯	১৮.০৪.২০১৯ ২.৯৯	১৮.০৫.২০১৯	১৮.০৫.২০১৯	
প্যাকেজ নং GD 26 প্রাক্কলিত মূল্য - ১৩৫.৬৫	২৩.০১.২০১৯ ২৩.০১.২০১৯	০৩.০৪.২০১৯ ১৩৪.৮৫	০৭.০৬.২০১৯	০৭.০৬.২০১৯	
প্যাকেজ নং GD 27 প্রাক্কলিত মূল্য - ৭৮.০০	২০.১১.২০১৮ ২০.১১.২০১৮	১২.০২.২০১৯ ৭৭.৭৮	১২.০৬.২০১৯	১২.০৬.২০১৯	
প্যাকেজ নং GD 28 প্রাক্কলিত মূল্য - ৫৩০.০০	১৯.০৯.২০১৮ ১৯.০৯.২০১৮	২৯.১১.২০১৮ ৫০৯.৪১	০৩.০৪.২০১৯	০৩.০৪.২০১৯	
প্যাকেজ নং GD 29 প্রাক্কলিত মূল্য - ৫.০০	২০.০২.২০১৯ ২০.০২.২০১৯	০৩.০৩.২০১৯ ৪.৯৯	০৪.০৪.২০১৯	০৪.০৪.২০১৯	
প্যাকেজ নং GD 30 প্রাক্কলিত মূল্য - ৫৮.০০	১১.১১.২০১৯ ১১.১১.২০১৯	২২.১২.২০১৯ ৫৬.৫০	২৬.০২.২০২০	২৬.০২.২০২০	
প্যাকেজ নং GD 31 প্রাক্কলিত মূল্য - ৫০.০০	১১.১১.২০১৯ ১১.১১.২০১৯	২২.১২.২০১৯ ৪৯.৫০	২৬.০২.২০২০	২৬.০২.২০২০	

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবংবাস্তবে দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ নং GD 32 প্রাক্কলিত মূল্য - ১৪.৩০	১১.১১.২০১৯ ১১.১১.২০১৯	২২.১২.২০১৯ ১৪.১৫	২৬.০২.২০২০	২৬.০২.২০২০	
প্যাকেজ নং GD 33 প্রাক্কলিত মূল্য - ৫.০০	২০.০৮.২০১৯ ২০.০৮.২০১৯	১১.০৯.২০১৯ ৪.৯৮	১০.১০.২০১৯	১০.১০.২০১৯	
প্যাকেজ নং GD 34 প্রাক্কলিত মূল্য - ৪.০০	০৩.০৯.২০১৯ ২৩.০১.২০১৯	২৬.০৯.২০১৯ ৩.৯৯	২৭.১০.২০১৯	২৭.১০.২০১৯	
প্যাকেজ নং GD 35 প্রাক্কলিত মূল্য - ৪.০৩	০৬.১০.২০১৯ ০৬.১০.২০১৯	০৩.১০.২০১৯ ৪.০০	০৩.১২.২০১৯	০৩.১২.২০১৯	
প্যাকেজ নং GD 36 প্রাক্কলিত মূল্য - ৫.০০	১৫.১২.২০১৯ ১৫.১২.২০১৯	১২.০১.২০২০ ৪.৯৯	১২.০২.২০২০	১২.০২.২০২০	
প্যাকেজ নং WD 01 প্রাক্কলিত মূল্য - ২.০০	১৯.০৩.২০১৭ ১৯.০৩.২০১৭	০৬.০৪.২০১৭ ১.৯৮	০৬.০৫.২০১৭	০৬.০৫.২০১৭	
প্যাকেজ নং WD 02 প্রাক্কলিত মূল্য - ৩৩২.৬৮	২৪.০১.২০১৭ ২৪.০১.২০১৭	২৭.০৩.২০১৭ ৩৩১.৭৯	২৭.০৩.২০১৮	২৭.০৬.২০১৮	আধুনিক যন্ত্রপাতি স্থাপনের সুবিধার্থে ল্যাবরেটরি ভবনের প্লিন্থ এরিয়া সম্প্রসারণ করার জন্য নির্মাণ কাজ বিলম্বিত হয়
